# ফরিদপুর জেলা প্রশাসন স্কুল এন্ড কলেজ

(ইংরেজি ও বাংলা ভার্সন)

স্থাপিত: ২০২০

## নিয়োগ বিজ্ঞপ্তি

তারিখঃ ০৪.০১.২০২২

ঐতিহ্যবাহী জেলা প্রশাসন, ফরিদপুর কর্তৃক প্রতিষ্ঠিত ও পরিচালিত *তারার মেলা ঈশান মেমোরিয়াল স্কুল* এবং *ফরিদপুর জেলা প্রশাসন স্কুল এন্ড কলেজ* এর জন্য প্লে-দ্বাদশ শ্রেণি পর্যন্ত ইংরেজি ও বাংলা উভয় ভার্সনে পাঠদান ও ইংরেজিতে অনর্গল কথা বলতে সক্ষম শিক্ষক নিয়োগ করা হবে।

| ক্র. নং | পদের নাম ও বেতন স্কেল | সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১ | অধ্যক্ষ<br>প্রারম্ভিক বেতন স্কেল ঃ গ্রেড-৯ | ১ | স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে ইংরেজি বিষয়ে ৪ বৎসর মেয়াদী অনার্স/ অনার্সসহ মাস্টার্স পাশ। তবে 'ও' লেভেল এবং 'এ' লেভেল পাশ করা প্রার্থীদের ক্ষেত্রে যে কোন বিষয়ে অনার্স/ অনার্সসহ মাস্টার্স গ্রহণযোগ্য। প্রার্থীর চমৎকার বাচনভঙ্গি ও ব্যক্তিত্ব, উপস্থাপনা শৈলী, পরিমিতিবোধ, নেতৃত্বের গুণাবলী এবং শিক্ষকতার অভিজ্ঞতা থাকা বাঞ্ছনীয়। প্রশাসনিক/ একাডেমিক/ ফিনান্সিয়াল ও স্কুল ম্যানেজমেন্ট এ দক্ষ প্রার্থীকে অগ্রাধিকার দেয়া হবে। | *প্রতিষ্ঠানের নিজস্ব বিধি মোতাবেক বেতন-ভাতা ও অন্যান্য সুযোগ-সুবিধা নির্ধারিত হবে। প্রাথমিকভাবে বেতন ও ভাতাদি আলোচনা সাপেক্ষ। তবে পর্যায়ক্রমে বা চাকরি স্থায়ী হলে প্রতিষ্ঠানের আর্থিক সক্ষমতা সাপেক্ষে নির্ধারিত বেতন স্কেল/ গ্রেড অনুযায়ী বেতন-ভাতা প্রদান করা হবে। অধ্যক্ষ পদে প্রার্থীর বয়স ২৫-৪৫ পর্যন্ত এবং অন্যান্য সকল পদের ক্ষেত্রে বয়স অনুর্ধ্ব ৩৫ বছর। সকল পদের প্রার্থীর এম এস ওয়ার্ড, এক্সেল ও পাওয়ার পয়েন্টসহ আইসিটি দক্ষতা থাকতে হবে এবং অনর্গল ইংরেজিতে কথা বলতে সক্ষম প্রার্থীকে অগ্রাধিকার দেয়া হবে। পদের সংখ্যা হ্রাস-বৃদ্ধি হতে পারে।*<br><br>*বি:দ্র: ১ নং পদটি শুধুমাত্র ফরিদপুর জেলা প্রশাসন স্কুল এন্ড কলেজ এবং অন্যান্য পদসমূহ উভয় স্কুলের ক্ষেত্রে প্রযোজ্য।* |
| ২ | সহকারী শিক্ষক (ইংরেজি)<br>বেতন স্কেল ঃ গ্রেড-১০ | ৩ | স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে ইংরেজি বিষয়ে ৪ বৎসর মেয়াদী অনার্স/ অনার্সসহ মাস্টার্স পাশ | |
| ৩ | সহকারী শিক্ষক (বাংলা)<br>বেতন স্কেল ঃ গ্রেড-১০ | ২ | স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বাংলা বিষয়ে ৪ বৎসর মেয়াদী অনার্স/ অনার্সসহ মাস্টার্স পাশ | |
| ৪ | সহকারী শিক্ষক (গণিত)<br>বেতন স্কেল ঃ গ্রেড-১০ | ৩ | স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে গণিত বিষয়ে ৪ বৎসর মেয়াদী অনার্স/ অনার্সসহ মাস্টার্স পাশ | |
| ৫ | সহকারী শিক্ষক (ভৌত বিজ্ঞান)<br>বেতন স্কেল ঃ গ্রেড-১০ | ২ | স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে পদার্থ/ রসায়ন বিষয়ে ৪ বৎসর মেয়াদী অনার্স/ অনার্সসহ মাস্টার্স পাশ। প্রার্থীকে বিজ্ঞান বিষয়ক বিভিন্ন উদ্ভাবন ও প্রকল্প তৈরীতে পারদর্শী হতে হবে। | |
| ৬ | সহকারী শিক্ষক (তথ্য ও যোগাযোগ প্রযুক্তি)<br>বেতন স্কেল ঃ গ্রেড-১০ | ১ | স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে কম্পিউটার বিজ্ঞান/ কম্পিউটার ইঞ্জিনিয়ারিং/ কম্পিউটার সাইন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিষয়ে ৪ বৎসর মেয়াদী অনার্স/ অনার্সসহ মাস্টার্স পাশ। মাইক্রোসফট অফিস প্রোগ্রাম, গ্রাফিক্স ডিজাইনিং ও এ্যানিমেশন, ভিডিও এডিটিং, সাইবার ক্রাইম প্রতিরোধ, সোশ্যাল মিডিয়া নেটওয়ার্কিং এ দক্ষতা থাকতে হবে। | |
| ৭ | সহকারী শিক্ষক (টেকনিক্যাল এডুকেশন)<br>বেতন স্কেল ঃ গ্রেড-১০ | ২ | স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক্স ইঞ্জিনিয়ারিং/ সিভিল ইঞ্জিনিয়ারিং বিষয়ে ৪ বৎসর মেয়াদী অনার্স/ অনার্সসহ মাস্টার্স পাশ। প্রার্থীকে বিজ্ঞান বিষয়ক বিভিন্ন উদ্ভাবন ও প্রকল্প তৈরীতে পারদর্শী হতে হবে। | |
| ৮ | ক্রিয়েটিভ টিচার (ড্রয়িং)/ ক্রিয়েটিভ টিচার (ড্যান্স)/ ক্রিয়েটিভ টিচার (তবলা)<br>বেতন স্কেল ঃ গ্রেড-১১ | প্রতি পদে নূন্যতম ১ জন করে | স্নাতক/ সমমান। তবে পদ সংশ্লিস্ট বিষয়ে পারদর্শিতা থাকতে হবে এবং প্রার্থীকে ৮ম শ্রেণি পর্যন্ত সাধারণ বিষয় সমূহ পাঠদানে সক্ষম হতে হবে। | |

*চ্যালেঞ্জ গ্রহণে আগ্রহী ও উদ্যমী এবং শিক্ষকতার মত মহান পেশায় ব্রত, উত্তম চরিত্রের অধিকারী, অধুমপায়ী ও মূল্যবোধ সচেতন প্রার্থীগণ* ০৩ কপি পাসপোর্ট সাইজ ছবি, মোবাইল নম্বর, বৈবাহিক অবস্থা, উচ্চতা, ২৫/০১/২০২২ তারিখে প্রার্থীর বয়স ও প্রযোজ্য ক্ষেত্রে পারদর্শিতার বিষয় উল্লেখ পূর্বক পূর্ণাঙ্গ জীবনবৃত্তান্ত , শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার সনদ, জাতীয় পরিচয়পত্র ও অন্যান্য প্রয়োজনীয় কাগজপত্রের সত্যায়িত অনুলিপিসহ *সভাপতি, তারার মেলা ঈশান মেমোরিয়াল স্কুল/ ফরিদপুর জেলা প্রশাসন স্কুল এন্ড কলেজ ও জেলা প্রশাসক, ফরিদপুর বরাবর স্বহস্তে লিখিত দরখাস্ত* অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), জেলা প্রশাসকের কার্যালয়, ফরিদপুর এর নিকট সরাসরি/ ডাকযোগে আগামী ২৫/০১/২০২২ তারিখের মধ্যে পৌঁছাতে হবে। লিখিত ও মৌখিক পরীক্ষার তারিখ পরবর্তীতে জানানো হবে। পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ ডিএ প্রদান করা হবে না। এ নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশ কোন প্রার্থীকে পরীক্ষায় অংশগ্রহণ কিংবা চাকরি প্রদানের নিশ্চয়তা বহন করে না এবং নিয়োগ প্রদানের ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে। কোন রকম তদবির প্রার্থীর অযোগ্যতা বলে বিবেচিত হবে এবং উক্ত প্রার্থীর প্রার্থিতাও সরাসরি অগ্রহণযোগ্য হবে। প্রয়োজনেঃ ০১৭০১-৬৭০০০৯, adceduictfaridpur@mopa.gov.bd, **www.faridpur.gov.bd**

স্বাক্ষরিত/-

সভাপতি

তারার মেলা ঈশান মেমোরিয়াল স্কুল

এবং

ফরিদপুর জেলা প্রশাসন স্কুল এন্ড কলেজ